# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৬

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২২. হায়েযের রক্ত ধৌত করা সম্পর্কে।

## باب الاِغْتِسَالِ مِنَ الْحَيْضِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ الْعَنْبَرِيُّ، أَخْبَرَنِي أَبِي، عَنْ شُعْبَةَ، عَنْ إِبْرَاهِيمَ، - يَعْنِي ابْنَ مُهَاجِرٍ - عَنْ صَفِيَّةَ بِنْتِ شَيْبَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ أَسْمَاءَ، سَأَلَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم بِمَعْنَاهُ قَالَ " فِرْصَةً مُمَسَّكَةً " . قَالَتْ كَيْفَ أَتَطَهَّرُ بِهَا قَالَ " سُبْحَانَ اللَّهِ تَطَهَّرِي بِهَا وَاسْتَتِرِي بِثَوْبٍ " . وَزَادَ وَسَأَلَتْهُ عَنِ الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ فَقَالَ " تَأْخُذِينَ مَاءَكِ فَتَطَهَّرِينَ أَحْسَنَ الطُّهُورِ وَأَبْلَغَهُ ثُمَّ تَصُبِّينَ عَلَى رَأْسِكِ الْمَاءَ ثُمَّ تَدْلُكِينَهُ حَتَّى يَبْلُغَ شُئُونَ رَأْسِكِ ثُمَّ تُفِيضِينَ عَلَيْكِ الْمَاءَ " . قَالَ وَقَالَتْ عَائِشَةُ نِعْمَ النِّسَاءُ نِسَاءُ الأَنْصَارِ لَمْ يَكُنْ يَمْنَعُهُنَّ الْحَيَاءُ أَنْ يَسْأَلْنَ عَنِ الدِّينِ وَيَتَفَقَّهْنَ فِيهِ .

বাংলা

৩১৬. উবায়দুল্লাহ্ ইবনু মুআয ..... সাফিয়্যা বিন্তে শায়বা আয়িশা (রাঃ) এর সূত্রে বর্ণনা করেন যে, আসমা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অনুরূপ আর্থবোধক শব্দ দ্বারা জিজ্ঞাসা করেন। রাবী এই হাদীছের মধ্যেفِرْصَةً مُمَسَّكَةً (সুগন্ধযুক্ত নেকড়া বা রুমাল) উল্লেখ করেছেন। অতঃপর আসমা (রাঃ) জিজ্ঞাসা করেন, তা দিয়ে আমি কিরূপে পবিত্রতা অর্জন করব? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, সুবহানাল্লাহ্! তা দিয়ে পবিত্রতা অর্জন করবে এবং এরূপ বলে তিনি লজ্জায় একটি কাপড় দ্বারা নিজেকে আড়াল করে নেন।

রাবী শোবা (রহঃ) আরো উল্লেখ করেছেন যে, আসমা তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে অপবিত্রতার গোসল সম্পর্কে জিজ্ঞাসা করেন। তিনি বলেন, তুমি পানি নিয়ে লজ্জাস্থানসহ শরীরের অনান্য অংশে ভালভাবে পরিষ্কার করে ধৌত করবে। অতঃপর মাথায় পানি ঢেলে তা এরূপভাবে ঘর্ষণ করবে যেন প্রতিটি চুলের গোড়ায় পানি পৌছে। অতঃপর সমস্ত শরীরে পানি ঢালবে। আয়িশা (রাঃ) বলেন, আনসার মহিলারাই উত্তম। কেননা তারা শরীআতের হুকুম আহকাম বুঝতে এবং দ্বীনের কথা জিজ্ঞাসা করতে আদৌ লজ্জাবোধ করেন না।

## English

'Aishah said:

Asma' asked the Prophet (ﷺ) and then narrated the rest of the tradition to the same effect. He (the Prophet) said: "a musk-scented piece of cloth." She (Asma') said: How should I purify with it ? He said: By glory of Allah ! Purify with it, and he covered his face with the cloth. This version also adds: "She asked about the washing because of sexual defilement." He said: Take your water and purify yourself as best as possible. Then pour water over yourself. 'Aishah said: The best of the women are the women of the Ansar. Shyness would not prevent them from inquiring about religion and from acquiring deep understanding in it.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সাফিয়্যাহ বিনতে শাইবাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16739

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন